গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী
EIIN No-126487
Telephone: 02588855694, Fax: 02588855535, E-mail: rgwcollege@yahoo.com, rgwcollegerajshahi@gmail.com, website: www.rgwcollege.edu.bd

তারিখ: ০৪/০৯/২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

এতদ্বারা এই কলেজের সকল সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী এবং কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রন) আইন-২০০৫ মতে সকল শিক্ষা প্রতিষ্ঠান পাবলিক প্লেস-এর অন্তর্ভুক্ত এবং শতভাগ ধুমপানমুক্ত হিসেবে চিহ্নিত। এ প্রেক্ষাপটে রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী-কে ধুমপান মুক্ত রাখার প্রয়াসে সংযুক্ত চিঠির নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রেরিত কপি।
২। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত কপি।

04/9/25
(মোঃ সারওয়ার জাহান)
(অধ্যাপক অর্থনীতি)
আইডি নং-৪৩৬৮
অধ্যক্ষ
রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
(সরকারি মাধ্যমিক-১)
www.shed.gov.bd

নং-৩৭.০০.০০০০.০৭১.০২.০০১.১৭-২৪৭ | তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয় : শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্তকরণ।

সূত্র : সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ এর ডি.ও. পত্র নং-স্বাপকম/স্বাসেবি/এনটিসিসি/প্র.ম.যো/২০২৫/১৭০, তারিখ: ০৩ আগস্ট ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় হতে প্রাপ্ত ডি.ও.পত্রটি এতৎসঙ্গে প্রেরণ করা হলো। প্রেরিত ডি.ও. পত্রের বর্ণনামতে জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিদর্শনকালে শতভাগ ধূমপানমুক্তকরণে বিষয়গুলো পর্যবেক্ষণ ও পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করতে হবে। একই সাথে শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থানকালীন সকল শিক্ষক-শিক্ষিকাকে পান-সিগারেট এবং যে কোন ধরনের নেশাদ্রব্য গ্রহণে জোরালোভাবে নিরুৎসাহিতসহ শিক্ষার্থীদের Electronic Nicotine Delivery System (ENDS) তথা ই-সিগারেট ব্যবহারের বিষয়ে বিশেষভাবে সতর্ক করার জন্য শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট এর প্রশিক্ষণার্থী শিক্ষকদের নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(সিফাত উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ০২ ৫৫১০০৭৪৯

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শিক্ষা ভবন, ঢাকা

নং-৩৭.০০.০০০০.০৭১.০২.০০১.১৭-২৪৭ | তারিখ : ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

অনুলিপি:
০১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১) মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. যুগ্মসচিব (মাধ্যমিক-১) মহোদয়ের সংযুক্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(সিফাত উদ্দিন)
সিনিয়র সহকারী সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
20 AUG 2025
বাংলাদেশ, ঢাকা।

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি.ও.নং- [illegible]

তারিখ: ০৩ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, তামাক ও তামাকজাত দ্রব্যের ব্যবহার জনস্বাস্থ্যের জন্য একটি মারাত্মক হুমকি। একইসঙ্গে, দেশের অর্থনীতির উপরও এর নেতিবাচক প্রভাব অত্যন্ত স্পষ্ট। দি টোব্যাকো অ্যাটলাস-এর ২০১৮ সালের প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশে প্রতি বছর তামাকজনিত রোগে প্রায় ১,৬১,০০০ মানুষ মৃত্যুবরণ করেন। ২০১৩ সালে পরিচালিত Global Youth Tobacco Survey অনুযায়ী ১৩-১৫ বছর বয়সী শিক্ষার্থীদের মধ্যে ধূমপানের হার ২.৯% এবং ২০১৭ সালের Global Adult Tobacco Survey অনুযায়ী ১৫-২৪ বছর বয়সী জনগোষ্ঠীর মধ্যে ধূমপানের হার ৭.০%। এছাড়া, ১৫ বছর ও তদূর্ধ্ব বয়সী জনসংখ্যার ৩৫.৩% ধূমপান বা ধোঁয়াবিহীন তামাকজাত দ্রব্য ব্যবহার করে থাকেন।

বাংলাদেশ ২০০৩ সালে Framework Convention on Tobacco Control (FCTC) স্বাক্ষর করে এবং ২০০৪ সালে তা অনুসমর্থন করে। তামাক ব্যবহার নিয়ন্ত্রণে সরকার ২০০৫ সালে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন এবং পরবর্তীতে এর অধীনে বিধিমালা প্রণয়ন করে। উক্ত আইন ও বিধিমালা অনুযায়ী, সকল শিক্ষা প্রতিষ্ঠান 'পাবলিক প্লেস'-এর অন্তর্ভুক্ত এবং শতভাগ ধূমপানমুক্ত হিসেবে চিহ্নিত। এ প্রেক্ষাপটে শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি দপ্তর হিসেবে শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে ধূমপানমুক্ত রাখার আইনগত বাধ্যবাধকতা রয়েছে।

সরকারি-বেসরকারি সম্মিলিত উদ্যোগে দেশে ধূমপানের হার কিছুটা হ্রাস পেলেও, সাম্প্রতিক সময়ে শিক্ষার্থীদের মধ্যে ধূমপানের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। পাশাপাশি, প্রচলিত সিগারেটের বিকল্প হিসেবে Electronic Nicotine Delivery System (ENDS) তথা ই-সিগারেট-ব্যবহারের ঘটনাও লক্ষ্য করা যাচ্ছে, যা অত্যন্ত উদ্বেগজনক।

শিক্ষার্থীরাই আমাদের ভবিষ্যৎ এবং শিক্ষকগণ সেই ভবিষ্যৎ নির্মাণের কারিগর। সাধারণ ধূমপানের অভ্যাস থেকেই শিশু-কিশোর-যুবারা ক্ষতিকর অন্যান্য আসক্তির দিকে ধাবিত হতে পারে। সুস্থ, সবল ও কর্মক্ষম জাতি গঠনে শিক্ষার্থীদের স্বাস্থ্যগত সুরক্ষা নিশ্চিত করা আমাদের অন্যতম গুরুত্বপূর্ণ দায়িত্ব। এই প্রেক্ষাপটে, মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পরিচালনা কমিটির প্রতিনিধি, প্রধান শিক্ষক/শিক্ষক প্রতিনিধি এবং ছাত্র-ছাত্রীদের সমন্বয়ে একটি করে কমিটি গঠন করা যেতে পারে। উক্ত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শতভাগ ধূমপানমুক্ত রাখতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

এ ছাড়া, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগাধীন শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত ঘোষণা করে প্রশিক্ষণকালে প্রশিক্ষণার্থীদের জন্য ধূমপান ও তামাকজাত দ্রব্যের ব্যবহার সম্পূর্ণ নিষিদ্ধ করার বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এ উদ্যোগ প্রশিক্ষণার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির পাশাপাশি তাঁদের ব্যক্তিগত অভ্যাসেও ইতিবাচক পরিবর্তন আনতে সহায়ক হবে। প্রশিক্ষণ শেষে তাঁরা নিজ নিজ শিক্ষাপ্রতিষ্ঠানকে ধূমপানমুক্ত রাখার প্রয়াসে অগ্রণী ভূমিকা রাখতে পারবেন।

উল্লিখিত কার্যক্রমসমূহের বাস্তবায়ন ও মনিটরিং নিশ্চিতকল্পে জেলা শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাদের শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিদর্শনকালে বিষয়গুলো পর্যবেক্ষণ ও পরিদর্শন প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করা যেতে পারে। সার্বিক বিবেচনায়, ভবিষ্যৎ প্রজন্মের সুস্বাস্থ্য নিশ্চিতকরণ এবং একটি স্বাস্থ্যবান, মাদকমুক্ত জাতি গঠনে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহকে শতভাগ ধূমপানমুক্ত রাখতে আপনার দৃঢ় সমর্থন ও প্রয়োজনীয় সদয় নির্দেশনা কামনা করছি।

আপনার উত্তরোত্তর সাফল্য, সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

মোঃ সাইদুর রহমান

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।